

BRHAD-ARANYAKA UPANISAD (4.5.1-15)

अथ ह याज्ञवल्क्यस्य द्वे भार्ये बभूवतुः—मैत्रेयी च कात्यायनी च; तयोर्ह मैत्रेयी ब्रह्मवादिनी बभूव, स्त्रीप्रज्ञैव तर्हि कात्यायनि; अथ ह याज्ञवल्क्योऽन्यद्वृत्तमुपाकरिष्यन् ॥ १ ॥

বাংলা অনুবাদ :—অনন্তর যাজ্ঞবল্ক্য নামক ঋষির মৈত্রৈয়ী ও কাত্যায়নী নামে দুইজন পত্নী ছিলেন। তাঁহাদের মধ্যে মৈত্রৈয়ী ব্রহ্মবাদিনী (ব্রহ্মবিষয়ক আলোচনায় তৎপর) ও কাত্যায়নী সাধারণ-স্ত্রীবুদ্ধিসম্পন্ন ছিলেন। এইরূপ অবস্থায় যাজ্ঞবল্ক্য গার্হস্থ্যজীবন ত্যাগ করিয়া সন্ন্যাস গ্রহণ করিতে ইচ্ছুক হইয়া (বলিলেন)।

मैत्रेयीति होवाच याज्ञवल्क्यः, प्रव्रजिष्यन्वा अरे'हमस्मात्स्थानादस्मि, हन्त तेऽनया कत्यायान्यान्तं करवाणीति ॥ २ ॥

বাংলা অনুবাদ :—যাজ্ঞবল্ক্য ঋষি মৈত্রৈয়ীকে বলিলেন, “হে মৈত্রৈয়ী ! আমি এই গার্হস্থ্যশ্রম হইতে সন্ন্যাসশ্রমে যাইব। তোমার অনুমতি প্রার্থনা করিয়া কাত্যায়নীর সহিত তোমার সম্বন্ধের বিচ্ছেদ ঘটাইতে ইচ্ছা করি।”

सा होवाच मैत्रेयी, यन्तु म इयं भगोः सर्वा पृथिवी वित्तेन पूर्णा स्यात्, स्यां न्वहं तेनामृताहोऽनेति; नेति होवाच याज्ञवल्क्यः, यथैवोपकरणवतां जीवितं तथैव ते जीवितं स्यात्, अमृतत्वस्य तु नाशास्ति वित्तेनेति ॥ ३ ॥

বাংলা অনুবাদ : সেই মৈত্রৈয়ী বলিলেন, “হে ভগবন্। যদি ধনপূর্ণ সমগ্র পৃথিবী আমার হয়, তাহা হইলে এই ধনপূর্ণ পৃথিবী লাভ করিয়া আমি অমর হইব? অথবা হইব না?” যাজ্ঞবল্ক্য বলিলেন, “অমর হইবে না। সম্পংশালীব্যক্তিগণের জীবন যেরূপ স্মৃৎকর তোমার জীবনও সেইরূপ হইবে। ধনের দ্বারা মুক্তির সম্ভাবনা নাই।”

सा होवाच मैत्रेयी, येनाहं नामृता स्यां किमहं तेन कुर्याम्? यदेव भगवान्वेद तदेव मे ब्रूहीति ॥
४ ॥

বাংলা অনুবাদ—সেই মৈত্রেয়ী বলিলেন, “যাহা দ্বারা আমি অমর হইব না তাহা দ্বারা আমি কি করিব? পূজনীয় আপনি যাহা (অমরত্ব সাধনের উপায়) জানেন তাহা আমাকে বলুন।”

स होवाच याज्ञवल्क्यः, प्रिया वै खलु नो भवती सती प्रियमवृधत्, धन्त तर्हि भवत्येतद्व्याख्यास्यामि ते, व्याचक्षाणस्य तु मे निदिध्यासस्वेति ॥ ५ ॥

বাংলা অনুবাদ—যাজ্ঞবল্ক্য বলিলেন, “তুমি আমার প্রীতিভাজন বলিয়া প্রিয় বিষয়ই নির্ধারণ করিয়াছ। ভাল, তাহা হইলে তোমার নিকট ইহার ব্যাখ্যা করিব, তুমি আমার কথায় মনোযোগ দাও।”

स होवाच, न वा अरे पत्युः कामाय पतिः प्रियो भवति, आत्मनस्तु कामाय पतिः प्रियो भवति । न वा अरे जायायै कामाय जाया प्रिया भवति, आत्मनस्तु कामाय जाया प्रिया भवति । न वा अरे पुत्राणां कामाय पुत्राः प्रिया भवन्ति, आत्मनस्तु कामाय पुत्राः प्रिया भवन्ति । न वा अरे वित्तस्य कामाय वित्तं प्रियं भवति, आत्मनस्तु कामाय वित्तं प्रियं भवति । न वा अरे पशूनां कामाय पशवः प्रिया भवन्ति, आत्मनस्तु कामाय ब्रह्म प्रियं भवति । न वा अरे क्षत्रस्य कामाय क्षत्रं प्रियं भवति, आत्मनस्तु कामाय क्षत्रं प्रियं भवति । न वा अरे लोकानां कामाय लोकाः प्रिया भवन्ति, आत्मनस्तु कामाय लोकाः प्रिया भवन्ति । न वा अरे देवानां कामाय देवाः प्रिया भवन्ति, आत्मनस्तु कामाय देवाः प्रिया भवन्ति । न वा अरे वेदानां कामाय वेदाः प्रिया भवन्ति, आत्मनस्तु कामाय भूतानि प्रियाणि भवन्ति । न वा अरे सर्वस्य कामाय सर्वं प्रियं भवति, आत्मनस्तु कामाय सर्वं प्रियं भवति । आत्मा वा अरे द्रष्टव्यः—श्रोतव्यो मन्तव्यो निदिध्यासितव्यो मैत्रेयि; आत्मनि खल्वरे दृष्टे श्रुते मते विज्ञात इदं सर्वं विदितम् ॥ ६ ॥

বাংলা অনুবাদ : ষাঙ্কবক্ষ্য বলিলেন—‘হে মৈত্রেয়ি, ইহা জগতে
প্রসিদ্ধ আছে যে পতির সুখের জন্ম পতি প্রিয় হয় না, কিন্তু পত্নীর নিজের
সুখের জন্মই পতি প্রিয় হয়। পত্নীর সুখের জন্ম পত্নী প্রিয় হয় না কিন্তু
পতির নিজের সুখের জন্ম পত্নী প্রিয় হয়। পুত্রগণের সুখের জন্ম পুত্র প্রিয়
হয় না, কিন্তু পিতামাতার নিজেদের সুখের জন্ম পুত্র প্রিয় হয়। ধনের
সুখের জন্ম ধন প্রিয় হয় না, কিন্তু জনগণের সুখভোগের জন্মই তাঁহাদের নিকট
ধন প্রিয় হয়। পশুদের সুখের জন্ম পশুগণ প্রিয় হয় না, কিন্তু গৃহস্থের মঙ্গলের
জন্মই পশু গৃহস্থের নিকট প্রিয় হইয়া থাকে। ব্রাহ্মণ জাতি নিজেদের সুখের
জন্ম প্রিয় হয় না কিন্তু জনসাধারণের মঙ্গল বিধানের জন্মই ব্রাহ্মণ জাতি
জনগণের প্রিয় হইয়া থাকেন। ক্ষত্রিয় জাতি নিজেদের সুখের জন্ম
জনগণের প্রিয় হন না, কিন্তু জনগণের সুখের জন্মই ক্ষত্রিয় জাতি জনগণের
নিকট প্রিয় হইয়া থাকেন। স্বর্গ প্রভৃতি লোক নিজেদের সুখের জন্ম প্রিয়
হয় না কিন্তু জনগণের সুখভোগের জন্ম স্বর্গাদিলোক প্রিয় হইয়া থাকে।
ইন্দ্র প্রভৃতি দেবতাগণের সুখের জন্ম দেবতাগণ প্রিয় হন না, কিন্তু জনগণের
মঙ্গলের জন্মই দেবতাগণ প্রিয় হইয়া থাকেন। ঋক্ প্রভৃতি বেদ নিজের সুখের

জন্ম প্রিয় হয় না, কিন্তু বেদজ্ঞ ব্যক্তির নিজের মঙ্গলের জন্মই বেদ প্রিয়
হইয়া থাকে। ক্ষিত্তি প্রভৃতি ভূতবর্গ অথবা প্রাণিগণ নিজেদের সুখের জন্ম
জনগণের নিকট প্রিয় হন না, কিন্তু জনগণের নিজেদের সুখের জন্মই ভূতবর্গ
প্রিয় হইয়া থাকেন। জাগতিক সমস্ত বস্তুই নিজেদের সুখের জন্ম প্রিয়
হয় না, কিন্তু জনগণের আত্মার তৃপ্তির জন্মই জনগণের নিকট প্রিয় হইয়া
থাকে। আত্মাকে সাক্ষাৎরূপে দর্শন করিবে, শ্রবণ করিবে, মনন করিবে ও
নিশ্চিতরূপে ধ্যান করিবে। আত্মাকে দর্শন, শ্রবণ, মনন ও ধ্যান করিলে
সমস্ত বস্তুকেই জানা যায়।

ब्रह्म तं परादाद्योऽन्यत्रात्मनो ब्रह्म वेद, क्शत्रं तं परादाद्योऽन्यत्रात्मनः क्शत्रं वेद, लोकास्तं परादुर्योऽन्यत्रात्मनो लोकान्वेद, देवास्तं परादुर्योऽन्यत्रात्मनो देवान्वेद, वेदास्तं परादुर्योऽन्यत्रात्मनो वेदान्वेद, भूतानि तं परादुर्योऽन्यत्रात्मनो भूतानि वेद, सर्वं तं परादाद्योऽन्यत्रात्मनः सर्वं वेद; इदं ब्रह्म, इदं क्शत्रम्, इमे लोकाः, इमे देवाः, इमे वेदाः, इमानि भूतानि, इदं सर्वं यदयमात्मा ॥ ७ ॥

বাংলা অনুবাদ : ব্রাহ্মণজাতি তাঁহাকে বঞ্চিত করে যিনি ব্রাহ্মণজাতিকে আত্মব্যতিরিক্ত বলিয়া জানেন ; ক্ষত্রিয়জাতি তাঁহাকে বঞ্চিত করে, যিনি ক্ষত্রিয়জাতিকে আত্মব্যতিরিক্ত বলিয়া জানেন ; স্বর্গাদিলোক তাঁহাকে বঞ্চিত করে যিনি স্বর্গাদিলোককে আত্মব্যতিরিক্ত বলিয়া জানেন ; ইন্দ্রাদিদেবতা তাঁহাকে বঞ্চিত করে যিনি ইন্দ্রাদিদেবতাগণকে আত্মব্যতিরিক্ত বলিয়া জানেন ; ঋক্ প্রভৃতি বেদগুলি তাঁহাকে বঞ্চিত করে যিনি ঋক্ প্রভৃতি বেদগুলিকে আত্মব্যতিরিক্ত বলিয়া জানেন ; পঞ্চভূতবর্গ বা প্রাণিগণ তাঁহাকে বঞ্চিত করে, যিনি পঞ্চভূতবর্গকে বা প্রাণিগণকে আত্মব্যতিরিক্ত বলিয়া জানেন ; সমুদয় জগৎ তাঁহাকে বঞ্চিত করে, যিনি সমুদয় জগৎকে আত্মব্যতিরিক্ত বলিয়া

জানেন ; এই ব্রাহ্মণজাতি এই ক্ষত্রিয়জাতি, এই লোকসকল, এই দেবতাগণ, এই বেদসকল, পঞ্চভূতবর্গ বা প্রাণিসকল ও সমুদয় জগৎ আত্মা যেহেতু ইহারা আত্মস্বরূপ ।

स यथा दुन्दुभेर्हन्यमानस्य न बाह्याञ्छब्दाञ्छक्नुयाद्ग्रहणाय, दुन्दुभेस्तु ग्रहणेन—
दुन्दुभ्याघातस्य वा—शब्दो गृहीतः ॥ ८ ॥

আস্তত্ব থাকে না ।

বাংলা অনুবাদ : দৃষ্টান্ত এই যে, দুন্দুভি বাত্মস্বস্ত্র বাদিত হইলে দুন্দুভি ব্যতীত অন্যান্য শব্দগুলি পৃথগ্ভাবে শ্রুত হয় না । কিন্তু দুন্দুভি শব্দের সহিত অন্যান্য শব্দগুলিও শ্রুত হইয়া থাকে ।

example When a drum

स यथा शङ्खस्य ध्मायमानस्य न बाह्याञ्छब्दाञ्छक्नुयाद्ग्रहणाय, शङ्खस्य तु ग्रहणेन—
शङ्खध्मस्य वा—शब्दो गृहीतः ॥ ९ ॥

বাংলা অনুবাদ : দৃষ্টান্ত এই যে, শঙ্খ ধ্বনিত হইলে শঙ্খধ্বনি ব্যতীত
অন্যান্য শব্দগুলি পৃথগ্ ভাবে শ্রুত হয় না। কিন্তু শঙ্খধ্বনির সহিত অন্যান্য
শব্দগুলিও শ্রুত হইয়া থাকে।

स यथा वीणायै वाद्यमानायै न बाह्याञ्छब्दाञ्छक्नुयाद्ग्रहणाय, वीणायै तु ग्रहणेन—
वीणावादस्य वा—शब्दो गृहीतः ॥ १० ॥

বাংলা অনুবাদ—দৃষ্টান্ত এই যে, বীণাষন্ত্র বাদিত হইলে বীণাধ্বনি ব্যতীত
অন্যান্য শব্দগুলি পৃথগ্ ভাবে শ্রুত হয় না। কিন্তু বীণাধ্বনির সহিত অন্যান্য
শব্দগুলিও শ্রুত হইয়া থাকে।

स यथार्द्धेधाग्रेरभ्याहितस्य पृथग्धूमा विनिश्चरन्ति, एवं वा अरेऽस्य महतो भूतस्य
निःश्वसितमेतद्यद्वेदो यजुर्वेदः सामवेदोऽथर्वाङ्गिरस इतिहासः पुराणं विद्या उपनिषदः
श्लोकाः सूत्राण्यनुव्याख्यानानि व्याख्यानानीष्टं हुतमाशितं पायितम्, अयं च लोकः, परश्च
लोकः, सर्वाणि च भूतानि, अस्यैवैतानि सर्वाणि निःश्वसितानि ॥ ११ ॥

বাংলা অনুবাদ—দৃষ্টান্তস্বরূপ বলা যায়—যেমন আর্দ্রেন্ধনযুক্ত প্রজ্বলিত
অগ্নি হইতে নানা বর্ণযুক্ত ধূমাদি নির্গত হয় সেইরূপ, হে মৈত্রেয়ি! পরমাত্মার
নিঃশ্বাস-স্বরূপ এই সমস্ত নির্গত হইয়াছে—ঋগ্বেদ, যজুর্বেদ, সামবেদ, অথর্ব-
বেদ, ইতিহাস, পুরাণ, বিদ্যা, উপনিষৎ, শ্লোক, সূত্র, অনুব্যাখ্যান, ব্যাখ্যান,
ষাগ, হোম, অন্ন, পানীয়, ইহলোক, পরলোক ও সমস্ত জীবজগৎ—এই
সকলই পরমাত্মার নিঃশ্বাসস্বরূপ।

स यथा सर्वासामपां समुद्र एकायनम्, एवं सर्वेषां स्पर्शानां त्वगेकायनम्, एवं सर्वेषां गन्धानां
नासिकैकायनम्, एवं सर्वेषां रसानां जिह्वैकायनम्, एवं सर्वेषां रूपाणां चक्षुरेकायनम्, एवं
सर्वेषां शब्दानां श्रोत्रमेकायनम्, एवं सर्वेषां सङ्कल्पानां मन एकायनम्, एवं सर्वासां विद्यानां
हृदयमेकायनम्, एवं सर्वेषां कर्मणां हस्तावेकायनम्, एवं सर्वेषामानन्दानामुपस्थ एकायनम्,

एवं सर्वेषां विसर्गाणां पायुरेकायनम्, एवं सर्वेषामध्वनां पादावेकायनम्, एवं सर्वेषां वेदानां वागेकायनम् ॥ १२ ॥

বাংলা অনুবাদ :—দৃষ্টান্তস্বরূপ বলা যায় যে, সমুদ্র যেমন সমস্ত জলাশয়ের আশ্রয় সেইরূপ ত্বগিন্দ্রিয় সমস্ত স্পর্শের আশ্রয়, নাসিকেন্দ্রিয় সমস্ত গন্ধের আশ্রয়, জিহ্বেন্দ্রিয় সমস্ত রসের আশ্রয়, চক্ষুরিন্দ্রিয় সমস্ত রূপের আশ্রয়, কর্ণেন্দ্রিয় সমস্ত শব্দের আশ্রয়, মন সমস্ত সংকল্পের আশ্রয়, হৃদয় সমস্ত বিচার আশ্রয়, হস্ত দুইটি সমস্ত কর্মের আশ্রয়, জননেন্দ্রিয় সমস্ত আনন্দের আশ্রয়, গুহেন্দ্রিয় সমস্ত ত্যাগের আশ্রয়, চরণ দুইটি সমস্ত গমনাদির আশ্রয় ও বাগিন্দ্রিয় বেদগুলির আশ্রয়।

स यथा सैन्धवघनोऽनन्तरोऽबाह्यः कृत्स्नो रसघन एव, एवं वा अरेऽयमात्मानन्तरोऽबाह्यः कृत्स्नः प्रज्ञानघन एव; एतेभ्यो भूतेभ्यः समुत्थाय तान्येवानुविनयष्यति, न प्रेत्य संज्ञास्तीत्यरे ब्रवीमीति होवाच याज्ञवल्क्यः ॥ १३ ॥

বাংলা অনুবাদ : দৃষ্টান্ত এই যে লবণখণ্ড যেমন বাহ্যন্তর ভেদশূন্য এবং সর্বত্রই লবণরসযুক্ত সেইরূপ আলোচ্য আত্মা বাহ্যন্তরভেদশূন্য বিজ্ঞানস্বরূপ। ভূতবর্গ হইতে উৎপন্ন হইয়া [জীব] ভূতবর্গেই বিলীন হইয়া যান। মৃত্যুর পর তাহার আর নামরূপাদি বিশেষ ধর্ম থাকে না। হে মৈত্রেয়ি! আমি ইহাই বলিতেছি—যাজ্ঞবল্ক্য এইরূপ বলিয়াছিলেন।

सा होवाच मैत्रेयी, अत्रैव मा भगवान्मोहान्तमापीपिपन्, न वा अहमिमं विजानामीति; स होवाच, न वा अरेऽहं मोहं ब्रवीमि, अविनाशी वा अरेऽयमात्मानुच्छित्तिधर्मा ॥ १४ ॥

বাংলা অনুবাদ : মৈত্রেয়ী বলিলেন—“পূজনীয় আপনি আমাকে এই বিষয়ে মোহগ্রস্ত করিয়াছেন। আমি এই বিষয়ে কিছুই বুঝিতে পারিতেছি না।” প্রত্যুত্তরে যাজ্ঞবল্ক্য বলিলেন, “হে মৈত্রেয়ি! আমি মোহজনক বাক্য বলি নাই। হে মৈত্রেয়ি! আত্মা অবিনাশী ও তাহার উচ্ছেদ হয় না।”

यत्र हि द्वैतमिव भवति तदितर इतरं पश्यति, तदितर इतरंजिघ्रति, तदितर इतरं रसयते, तदितर इतरमभिवदति, तदितर इतरं शृणोति, तदितर इतरं मनुते, तदितर इतरं स्पृशति, तदितर इतरं विजानाति; यत्र त्वस्य सर्वमात्मैवाभूत्, तत्केन कं पश्येत्, तत्केन कं जिघ्रेत्, तत्केन कं रसयेत्, तत्केन कमभिवदेत्, तत्केन कं शृणुयात्, तत्केन कं मन्वीत् तत्केन कं स्पृशेत्, तत्केन कं विजानीयात्? येनेदं सर्वं विजानाति तं केन विजानीयात्? स एष नेति नेत्यात्मा, अगृह्यो न हि गृह्यते, अशीर्यो न हि शीर्यते, असङ्गो न हि सज्यते, असितो न व्यथते, न रिष्यति; विज्ञातारमरे केन विजानीयात्, इत्युक्तानुशासनासि मैत्रेयि, एतावदरे खल्वमृतत्वमिति होक्त्वा याज्ञवल्क्यो विजहार ॥ १५ ॥

इति पञ्चमं ब्राह्मणम् ॥

বাংলা অনুবাদ : “অবিজ্ঞা বশতঃ অদ্বৈতব্রহ্মে দ্বৈতভাবের উপলব্ধি হয়। অবিজ্ঞাবস্থায় অপরে অপরকে দর্শন করে, অপরে অপর বস্তু আচ্ছাদন করে, অপরে অপর বস্তু আশ্বাদন করে, অপরে অপরকে বলে, অপরে অপর বিষয় শ্রবণ করে, অপরে অপর বিষয় চিন্তা করে, অপরে অপরকে স্পর্শ করে, অপরে

অপরকে জানে। যেকোন অবস্থায় সমস্ত বস্তু আত্মস্বরূপ হইয়া যায়, সেইরূপ অদ্বৈতাবস্থায় কাহার দ্বারা কি দেখিবে? কাহার দ্বারা কি আচ্ছাদন করিবে? কাহার দ্বারা কি আশ্বাদন করিবে? কাহার দ্বারা কি বলিবে? কাহার দ্বারা কি শুনিবে? কাহার দ্বারা কি চিন্তা করিবে? কাহার দ্বারা কি স্পর্শ করিবে? কাহার দ্বারা কি জানিবে? কাহার দ্বারা জীব এই দৃশ্যমান বস্তু জানেন সেই আত্মাকে কাহার দ্বারা জানিবে? সেই আত্মাকে ‘নেতি নেতি’ এইরূপ বলা হইয়া থাকে। এই আত্মা গ্রহণীয় নহেন কারণ ইনি ইন্দ্রিয়ের বিষয়ীভূত নহেন। এই আত্মা অক্ষয়, কারণ অবয়বশূন্য বলিয়া ইহার ক্ষয় নাই। এই আত্মা আসক্ত হন না, কারণ ইনি সংসার ধর্মের দ্বারা লিপ্ত হন না। এই আত্মা বদ্ধ নহেন, কারণ ইনি ব্যথিত হন না ও বিনাশপ্রাপ্ত হন না। হে মৈত্রৈয়ি! বিজ্ঞানস্বরূপ আত্মাকে কোন্ ইন্দ্রিয়ের দ্বারা জানিবে? এইভাবে তুমি উপদেশ লাভ করিলে। হে মৈত্রৈয়ি! ইহাই অমৃতত্বলাভের উপায়।” এইরূপ বলিয়া যাঞ্জবল্ক্য সন্ন্যাস গ্রহণ করিলেন।